



নম্বর ৩৭.১১.৪০৪১.৪৪২.১২.০০১.২০.২০

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮

২২ ফেব্রুয়ারি ২০২২

বিজ্ঞপ্তি

বিষয়: ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে **online** এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এ বোর্ডের আওতাভুক্ত সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, শিক্ষার্থী, অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের পরিপ্রেক্ষিতে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে **Online**-এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে পুনরায় (সর্বশেষবারের মতো) ৪র্থ ধাপে আবেদন গ্রহণের জন্য আন্তঃবোর্ড সমন্বয় কমিটি থেকে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এবিষয়ে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত সময়সূচি অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো। সংশ্লিষ্ট কলেজের বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ১০ (দশ)টি কলেজে আবেদন করতে হবে। কলেজ ভিত্তিক শূন্য আসনের সংখ্যা, আবেদনের বিস্তারিত নিয়মাবলী ভর্তি ওয়েবসাইট [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)-এ পাওয়া যাবে।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে **Online**এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবে-

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;

২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোনো কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করেনি;

৩। উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ২০২১ সালের এসএসসি সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থী।

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ৪র্থ (সর্বশেষ) ধাপে **Online**এর মাধ্যমে ভর্তির জন্য অনুসরণীয় সময়সূচি

ক্রমিক	বিষয়	তারিখ
০১	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ	২৬-০২-২০২২ (শনিবার) থেকে ২৭-০২-২০২২ (রবিবার রাত ৮:০০টা পর্যন্ত)
০২	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন যাচাই বাছাই	২৮-০২-২০২২ (সোমবার)
০৩	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ	০১-০৩-২০২২ (মঙ্গলবার রাত ৮:০০টায়)
০৪	৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীদের সিলেকশন নিশ্চায়ন ও কলেজে ভর্তি	০২-০৩-২০২২ (বুধবার) থেকে ০৩-০৩-২০২২ (বৃহস্পতিবার বিকাল ৫:০০ টা পর্যন্ত)

অনলাইনে আবেদন দাখিলসহ সকল তথ্যের জন্য ওয়েবসাইটের ঠিকানা: [www.xiclassadmission.gov.bd](http://www.xiclassadmission.gov.bd)

বি. দ্র. : অনলাইন ব্যতীত ম্যানুয়ালি কোনো ভর্তি কার্যক্রম করা হবে না- এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠান,

অবিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।



২২-২-২০২২

কে এম রব্বানী

কলেজ পরিদর্শক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চমাধ্যমিক বিদ্যালয়
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, খুলনা বিভাগের আওতাধীন সকল জেলা
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৪) প্রোগ্রামার, কলেজ শাখা (কম্পিউটার), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৫) একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬) সেকশন অফিসার, কলেজ নিবন্ধন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর